

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়, ফরিদপুর।

অফিস আদেশ

নং ১১২ (জি)

তারিখ : ১৭/০৮/২০২৬ খ্রি.

ফরিদপুর জেলা জজ আদালতের অধীন ফরিদপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসি'র জারীকারক জনাব মোঃ জামালউদ্দিন কর্তৃক ভারতের ঐতিহাসিক স্থান ভ্রমণ করার নিমিত্ত ভারত গমন করত তথায় অবস্থানের অনুমতির প্রার্থনায় তাঁর উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দাখিলী আবেদনপত্র দেখলাম। আবেদনপত্রের সাথে সংযুক্ত “ব্যক্তিগত কারণে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের আবেদন” সংক্রান্ত নির্ধারিত ফরম এবং “নন-গেজেটেড কর্মচারীগণের অর্জিত ছুটির দরখাস্ত ফরম” সংযুক্ত করা হয়েছে। উক্ত ফরমে আবেদনকারীর উর্ধতন কর্তৃপক্ষের সুপারিশ পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত ভ্রমণ আবেদনকারী কর্মচারীর একান্তই ব্যক্তিগত ভ্রমণ বিধায় এ ভ্রমণে সরকারের তরফ থেকে কোন দেশী বা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না মর্মে প্রত্যয়নসহ প্রার্থিতমতে ভারত ভ্রমণের অনুমতি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে এবং তার অর্জিত ছুটি পাওনা আছে।

সার্বিক অবস্থা বিবেচনায় আবেদনকারী কর্মচারী জনাব মোঃ জামালউদ্দিন, জারীকারক, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফরিদপুর-কে অর্জিত ছুটি মঞ্জুর সাপেক্ষে ১০(দশ) দিনের জন্য ভারত গমনের অনুমতির আবেদন মঞ্জুর করা গেল। তাকে আগামী ১৬/০৯/২০২৬ খ্রি. হতে ২৫/০৯/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে ১০ (দশ) দিনের জন্য ব্যক্তিগত খরচে ভারত গমন ও তথায় অবস্থানের অনুমতি দেয়া গেল।

আবেদনকারীর প্রত্যাশিত ভ্রমণ একান্তই ব্যক্তিগত ভ্রমণ বিধায় এ ভ্রমণে সরকারের তরফ থেকে কোন প্রকার দেশী বা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।



স্বাক্ষরিত-

১৭.০৮.২০২৬ খ্রি.

(মোঃ জিয়া হায়দার)

সিনিয়র জেলা ও দায়রা জজ

ফরিদপুর।

সার্ভিস আইডি-১৯৯৮১১৮০২৬

প্রোডেশন নম্বর-৫৩

স্মারক নং প্রশা: ৩৬৭ (৫) ৬/২০২৬

তারিখ : ১৭/০৮/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, ফরিদপুর।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফরিদপুর।
- ৪। ইমিগ্রেশন অফিসার, স্থল বন্দর (সকল)/
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। জনাব মোঃ জামালউদ্দিন, জারীকারক
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ফরিদপুর।

১৭.০৮.২০২৬ খ্রি.

(মোঃ জিয়া হায়দার)

সিনিয়র জেলা ও দায়রা জজ

ফরিদপুর।

সার্ভিস আইডি-১৯৯৮১১৮০২৬